# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৭. ইলম অন্বেষণের জন্য সফর করা এবং এতে পরিশ্রম-কষ্ট সহ্য করা

بَابُ الرِّحْلَةِ فِي طَلَبِ الْعِلْمِ، وَاحْتِمَالِ الْعَنَاءِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ يَعْلَى بْنِ حَكِيمٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ لَمَّا تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْتُ لِرَجُلٍ مِنْ الْأَنْصَارِ يَا فُلَانُ هَلُمَّ فَلْنَسْأَلْ أَصْحَابَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنَّهُمْ الْيَوْمَ كَثِيرٌ فَقَالَ وَا عَجَبًا لَكَ يَا ابْنَ عَبَّاسٍ أَتَرَى النَّاسَ يَحْتَاجُونَ إِلَيْكَ وَفِي النَّاسِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَرَى فَتَرَكَ ذَلِكَ وَأَقْبَلْتُ عَلَى الْمَسْأَلَةِ فَإِنْ كَانَ لَيَبْلُغُنِي الْحَدِيثُ عَنْ الرَّجُلِ فَآتِيهِ وَهُوَ قَائِلٌ فَأَتَوَسَّدُ رِدَائِي عَلَى بَابِهِ فَتَسْفِي الرِّيحُ عَلَى وَجْهِي التُّرَابَ فَيَخْرُجُ فَيَرَانِي فَيَقُولُ يَا ابْنَ عَمِّ رَسُولِ اللَّهِ مَا جَاءَ بِكَ أَلَا أَرْسَلْتَ إِلَيَّ فَآتِيَكَ فَأَقُولُ لَا أَنَا أَحَقُّ أَنْ آتِيَكَ فَأَسْأَلُهُ عَنْ الْحَدِيثِ قَالَ فَبَقِيَ الرَّجُلُ حَتَّى رَآنِي وَقَدْ اجْتَمَعَ النَّاسُ عَلَيَّ فَقَالَ كَانَ هَذَا الْفَتَى أَعْقَلَ مِنِّي

إسناده صحيح

বাংলা

৫৮৯. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যুবরণ করলেন, তখন আমি আনসারদের এক লোককে বললাম, হে অমুক! চলুন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণের নিকট (হাদীস সম্পর্কে) প্রশ্ন করি। তখন তিনি বললেন: হে ইবনু আব্বাস! তুমি কী আশ্চর্যজনক কথা বলছো! তুমি কি মনে করো লোকেরা তোমার মুখাপেক্ষী হবে? যেখানে লোকদের মাঝে এখনও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনেক সাহাবী বিদ্যমান রয়েছেন, যাদেরকে তুমি দেখতে পাচ্ছো। এ কথা বলে তিনি ছেড়ে দিলেন। কিন্তু আমি আমার প্রশ্ন নিয়ে এগিয়ে চললাম। এরপর যদি আমার নিকট সংবাদ পৌঁছতো কোনো লোকের নিকট হাদীস রয়েছে, তবে আমি তার নিকট যেতাম। আর তিনি (অনেক সময়) ঘুমিয়ে থাকতেন। ফলে আমি আমার চাদরকে বালিশ বানিয়ে তার দরজায় শুয়ে পড়তাম। বাতাস আমার মুখের উপর

ধুলো-বালি উড়িয়ে নিয়ে এসে ফেলতো। পরে তিনি বাইরে বের হতেন এবং আমাকে দেখতে পেতেন। তখন তিনি বলতেন: হে আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর চাচাতো ভাই ইবনু আব্বাস! তুমি কি কাজে এসেছো? আমাকে ডেকে পাঠালেই তো পারতে, আমি তোমার নিকট যেতাম। তখন আমি বলতাম: না, বরং আমার আপনার নিকট আসাটাই অধিক যুক্তিযুক্ত। তারপর আমি তাকে হাদীস সম্পর্কে জিজ্ঞেস করতাম। তিনি বলেন: তিনি আমাকে দেখতে পাওয়ার আগেই আমার নিকট লোকজন জড়ো হয়ে যেতো। তখন তিনি বলেন: এ যুবকটি আমার চেয়েও অধিক জ্ঞানী।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ফাসাওয়ী, আল মা'রিফাহ ১/৫৪২; হাকিম, ১/১০৬; খতীব, আল জামি' লি আখলাকির রাবী নং ২১৫; ৫৮৫, ৫৮৬ আছার দু'টি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন